

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 23-12-2025

Time: 07.35–07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Task Force Meeting-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, উত্তর-পূর্বাঞ্চলের বিকাশ ও যোগাযোগ ব্যবস্থার উন্নতি হলে এই অঞ্চল দক্ষিণ পূর্ব এশিয়ার প্রবেশদ্বার হয়ে উঠবে। উত্তর পূর্বাঞ্চলের রাজগুলিতে পরিকাঠামো এবং যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে গঠিত উচ্চ পর্যায়ের টাঙ্ক ফোর্সের ভার্চুয়ালভাবে অনুষ্ঠিত তৃতীয় বৈঠকে তিনি গতকাল একথা বলেন। কেন্দ্রীয় উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন (ডোনার) মন্ত্রক অর্থাৎ ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিংহিয়া ভার্চুয়ালভাবে আয়োজিত এই বৈঠকে পৌরহিত্য করেন।

FTA :

ভারত ও নিউজিল্যান্ড ঐতিহাসিক, উচ্চাকাঙ্ক্ষী এবং পারস্পরিকভাবে উপকারী মুক্ত বাণিজ্য চুক্তি সফলভাবে সম্পন্ন করেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লুক্রন গতকাল এই ঘোষণা করেছেন। উভয় প্রধানমন্ত্রী আগামী পাঁচ বছরে দ্বিপাক্ষিক বাণিজ্য দ্বিগুণ করার পাশাপাশি আগামী ১৫ বছরে নিউজিল্যান্ড থেকে ভারতে ২০ বিলিয়ন ডলার বিনিয়োগের বিষয়ে আভ্যন্তরীণ ব্যক্ত করেছেন। এ বিষয়ে শিল্প ও বাণিজ্য মন্ত্রী পীয়ুষ গোয়েল বলেছেন, এই চুক্তি কৃষক, উদ্যোক্তা, শিক্ষার্থী, মহিলা এবং উদ্ভাবকদের জন্য সুযোগ নিয়ে আসবে।

GB-OT :

গতকাল থেকে জিবিপি হাসপাতালে আরও একটি নতুন ডেডিকেটেড 24X7 ইমার্জেন্সি অপারেশন থিয়েটার শুরু হয়েছে। স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে এই ওটি প্রতিস্থাপন করা হয়েছে যাতে অস্ত্রোপচারের জন্য অপেক্ষার সময় কমানো সম্ভবপর হয়। হাসপাতালের ডেপুটি মেডিকেল সুপারিনিটেন্ডেন্ট ডাঃ কনক চৌধুরী বলেন, এই নতুন ইমারজেন্সি অপারেশন থিয়েটার চালু করার ফলে শল্য বিভাগে অস্ত্রোপচারের অপেক্ষামান কেসগুলোর দ্রুত নিষ্পত্তি সম্ভব হবে।

Suklacharan Noatia :

সমবায় মন্ত্রী শুল্কাচরণ নোয়াতিয়া বলেছেন রাজ্যে সমবায়ের মাধ্যমে গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করার জন্য সরকার নানা উদ্যোগ নিয়েছে। গতকাল তেলিয়ামুড়ার নেতাজীনগরে অশ্বিনীধোষ স্মৃতি হলে তেলিয়ামুড়া প্রাইমারি মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডের বার্ষিক সাধারণ সভার উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, দেশের অর্থনীতির ভিত্তি মজবূত করতে সমবায় ব্যবস্থার প্রয়োজনীয়তা অপরিহার্য। সভায় সোসাইটির পক্ষ থেকে মুখ্যমন্ত্রীর গ্রান তহবিলে ২০হাজার ১ টাকার একটি চেক সমবায় মন্ত্রীর হাতে তুলে দেওয়া হয়।

Bal Vivah Mukt Bharat :

বাল বিবাহ মুক্ত অভিযানের অঙ্গ হিসেবে গতকাল পশ্চিম জেলার কাঞ্চনমালা গ্রাম পঞ্চায়েতে পথ নাটকের আয়োজন করেছে পশ্চিম ত্রিপুরা জেলা আইনসেবা কর্তৃপক্ষ। আইনসেবা কর্তৃপক্ষের অধিকার মিত্র রাজীব কুমার পাল জানান, আগামী ৪ই মার্চ পর্যন্ত ১০০ দিনের বাল বিবাহ মুক্ত অভিযান চলবে।

Rahveer :

পরিবহনমন্ত্রী মুশান্ত চৌধুরী গতকাল কেন্দ্রীয় সরকারের 'রাহবীর' প্রকল্পে রাজ্যের ৮ জন 'রাহবীর'কে তাদের মানবিক কাজের স্বীকৃতি হিসাবে 'রাহবীর' সম্মানে সংবর্ধনা ও পুরস্কৃত করেন। সড়ক দুর্ঘটনায় আহতদের গোল্ডেন আওয়ার অর্থাৎ দুর্ঘটনার ১ ঘন্টার মধ্যে দ্রুত চিকিৎসা পরিষেবার আওতায় এনে আহতদের জীবন বাঁচানোর ক্ষেত্রে দায়বদ্ধতার স্বীকৃতি হিসাবে কেন্দ্রীয় সরকার পূর্বতন 'ওড সামারিটেন' প্রকল্পকে পরিবর্তিত করে 'রাহবীর' প্রকল্পের সূচনা করেছে। নতুন এই 'রাহবীর' প্রকল্পে প্রত্যেক দুর্ঘটনার ক্ষেত্রে আহত ব্যক্তিকে চিকিৎসা পরিষেবার আওতায় আনার জন্য রাহবীরকে ২৫ হাজার টাকা পুরস্কার দেওয়া হয়।

* * * * *

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৮শে ডিসেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৯তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিত্তি চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন।

* * * * *

Review Meeting :

মৎস্য, তপশিলি জাতি কল্যাণ দপ্তর ও প্রাণিসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাসের পৌরহিত্যে গতকাল উত্তর ত্রিপুরা জেলাশাসকের কার্যালয়ের জেলাভিত্তিক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে তিনটি দপ্তরের চলতি অর্থবছরের জন্য নির্ধারিত কাজের লক্ষ্যমাত্রার অগ্রগতি নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়েছে। পাশাপাশি আগামী অর্থবছরে কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের রূপরেখা নিয়েও আলোচনা হয়।

* * * * *

District Level Fish Festival :

পঞ্চায়েত মন্ত্রী কিশোর বর্মন গতকাল নলহড় দশমীঘাট মাঠে সিপাহীজলা জেলাভিত্তিক মৎস্য মেলার উদ্বোধন করেন। তিনি বলেন, মৎস্য চাষে জনসাধারণ সহ মৎস্যচাষীদের মধ্যে আরো উৎসাহ বৃক্ষির লক্ষ্যে এই মেলার আয়োজন করা হয়েছে।

* * * * *

Fish Training :

গ্রামীণ মহিলাদের আন্তর্নির্ভর করে তুলতে গতকাল থেকে উদয়পুরে তিনদিনব্যাপী রাজ্যভিত্তিক প্রশিক্ষন শিবির শুরু হয়েছে। মৎস্য দস্তরের উদ্যোগে ত্রিপুরা মৎস্য প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজিত এই শিবিরের উদ্বোধন করেন গোমতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়। মৎস্যজাত খাদ্য প্রক্রিয়াকরণ করে কিভাবে গ্রামীণ মহিলারা অর্থনৈতিকভাবে সমৃদ্ধ হতে পারে, সে বিষয়ে তিনদিন প্রশিক্ষন দেওয়া হবে।

* * * * *

Weather :

আজ আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৪ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস।

* * * * *

* * * * *